যুগান্তর

তারিখ ..0 9 DEC 2015...
পৃষ্ঠা ...2... কলাম ....৬....

# ব্রাহ্মণবাড়িয়ায় কলেজে ক্লাস নিলেন এমপি মোকতাদির

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ায় কলেজ শিক্ষার্থীদের ক্লাস নিলেন স্থানীয় এমপি, পার্বত্য চট্টগ্রাম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, মুক্তিযোদ্ধা উবায়দুল মোকতাদির চৌধুরী। মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত তিনি সদর উপজেলার চিনাইর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিগ্রি কলেজের হালিমা আবদুর রউফ চৌধুরী মিলনায়তনে একাদশ, দ্বাদশ ও সম্মান শ্রেণীর কয়েকশ' শিক্ষার্থীর বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ে ক্লাস নেন। এ সময় উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট তানবীর ভূঞা, মহিলা ভাইস চেয়ারম্যান ফয়জুন্নাহার, অধ্যক্ষ মকবুল আহমেদ, উপাধ্যক্ষ একেএম শিবলী, কলেজ পরিচালনা পরিষদ সদস্য আবদুল হাই ডিলার, হামিদুল হক ভূঞা উপস্থিত ছিলেন। কলেজ অধ্যক্ষ মকবুল আহমেদ বলেন, কলেজের সভাপতি হিসেবে তিনি নিয়মিতই কলেজে এসে খোঁজখবর নেন এবং শিক্ষার্থীদের ক্লাস করিয়ে থাকেন।